# সুফি ইনসাফ মিয়া (রহঃ) স্মৃতি পাঠাগার

গ্রামঃ গন্ডামারা, ডাকঘরঃ বড়ঘোনা, উপজেলাঃ বাঁশখালী, জেলাঃ চট্টগ্রাম।
স্থাপিতঃ ২০২০ ইংরেজি
মোবাইলঃ ০১৮২১-৫৯৪৯৫৪

সূত্রঃ তারিখঃ

## গঠনতন্ত্র

ধারা ঃ ০১

ভূমিকাঃ "একটি সুন্দর পৃথিবী'র স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে মানবিক, সামাজিক ও পরিবেশের ভারসাম্য রক্ষা এবং অধিকার প্রতিষ্ঠার সহযোগীতা সহ সত্যনিষ্ঠা উপদেশ প্রচার সহ মানুষের জীবনযাত্রার মান ও সার্বিক উন্নয়নের কাজে নিয়োজিত থাকিবে।

ধারা ঃ ০২

প্রতিষ্ঠানের নাম ঃ সুফি ইনসাফ মিয়া (রহঃ) স্মৃতি পাঠাগার
(একটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান)

ধারা ঃ ০২.১

প্রতিষ্ঠার তারিখ ঃ ২০ আগস্ট ২০২০ খ্রিঃ

ধারা ঃ ০৩

প্রতিষ্ঠানের ঠিকানা ঃ গ্রামঃ গন্ডামারা, ডাকঘরঃ বড়ঘোনা, উপজেলাঃ বাঁশখালী, জেলাঃ চট্টগ্রাম।

ধারা ঃ ০৪

প্রতিষ্ঠানের কার্যক্রমের এলাকা সমূহ ঃ-

চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলা। পরবর্তীতে নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বাংলাদেশের সকল ভৌগলিক এলাকার নগর ও পল্লীতে কার্যক্রম সম্প্রসারণ করা যাইবে।

ধারা ঃ ০৫

প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য ঃ

লক্ষ : "একটি সুন্দর পৃথিবী'র স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে মানবিক, সামাজিক ও পরিবেশের ভারসাম্য রক্ষা এবং অধিকার প্রতিষ্ঠার সহযোগীতা সহ সত্যনিষ্ঠা উপদেশ প্রচার সহ মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের কাজে স্বেচ্ছাসেবী অরাজনৈতিক, অলাভজনক প্রতিষ্ঠান হিসাবে ধর্মবর্ণ নির্বিশেষে আত্নকর্মসংস্থান ও উন্নয়নমূলক কার্যক্রম অব্যাহত থাকিবে।

উদ্দেশ্যে :

- অশিক্ষিত নিরক্ষর লোকদের শিক্ষা ও অক্ষর জ্ঞান দানের ব্যবস্থা করা।
- ছিন্নমুল ও শ্রমজীবি শিশুদের শিক্ষার ব্যবস্থা ও কল্যাণমূলক কাজ করা।
- দরিদ্র ও মেধাবী ছাত্র/ছাত্রীদের উৎসাহদানের লক্ষ্যে বৃত্তি প্রদান করা। চিত্ত বিনোদের লক্ষ্যে খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা।

মোঃ ইকবাল হোছাইন
২৪/০৮/২০২১

সাধারণ সম্পাদক
সুফি ইনসাফ মিয়া (রহঃ) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম,



আহমদ ছগির

সুফি আহমদ ছগির চেয়ারম্যান
সভাপতি
সুফি ইনসাফ মিয়া (রহঃ) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম।

নারী ও শিশু পাচার রোধ, নির্যাতন বন্ধ ও যৌতুকের বিরুদ্ধে জনগণকে সচেতন করা এবং প্রতিরোধ গড়ে তুলে ইহার অভিশাপ থেকে মুক্ত করা।

(খ) কার্যকারী পরিষদের সদস্য পদবী, সংখ্যা ও দায়িত্ব

১। সভাপতি........................... ১ জন।
২। সহ-সভাপতি...................... ১ জন।
৩। সম্পাদক.......................... ১ জন।
৪। কোষাধ্যক্ষ......................... ১ জন।
৫। সমাজ সেবা ও সাংস্কৃতিক সম্পাক ১ জন।
৬। নির্বাহী সদস্য...................... ২ জন।

সাধারণ পরিষদ হইতে সর্বমোট ৭ (সাত) জন সদস্য সমন্বয়ে কার্যকরী পরিষদ গঠিত হইবে।

উল্লেখ্য যে অত্র পরিষদের জন্য পদে কমপক্ষে ৩ জনকে কো-অপট করিবার ক্ষমতা থাকিবে। তবে এই সংখ্যা ৩ এর অধিক হইলে উহা নতুন নির্বাচনের বা সর্বসম্মতির মাধ্যমে পূরণ করা যাইবে।

অত্র পরিষদের দায়িত্ব ও কর্তব্য নিম্নরূপ:

১। সভাপতির দায়িত্ব ঃ

ক) তিনি প্রতিষ্ঠানের গঠনতান্ত্রিক কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করিবেন।

খ) তিনি কার্যকরী পরিষদ ও সাধারণ পরিষদের সভায় সভাপতিত্ব করিবেন।

গ) তিনি কার্যকরী পরিষদের সদস্যদের মতামতের ভিত্তিতে সংগঠনের নিয়মাবলী নির্ধারণ করিবেন।

ঘ) তাহার কাষ্টিং ভোট দেওয়ার ক্ষমতা থাকিবে।

২। সহ-সভাপতির দায়িত্ব ঃ সহ-সভাপতি, সভাপতির অনুপস্থিতিতে তাহার সমুদয় ক্ষমতা ও দায়িত্ব পালন করিবে।

৩। সাধারণ সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য:

ক) তিনি অত্র প্রতিষ্ঠানের প্রধান ও মূল দায়িত্বশীল কর্মকর্তা গন্য হইবেন।

খ) তিনি সভাপতির পরামর্শক্রমে বার্ষিক ও বিশেষ সাধারণ সভার বিবরণী লিপিবদ্ধ করিবেন।

গ) তিনি প্রতিষ্ঠানের মূল্যবান কাগজপত্র সংরক্ষণ করিবেন।

ঘ) তিনি বৎসারান্তে কার্য বিবরণী প্রস্তুত করিয়া কার্য্যকরি পরিষদের অনুমতিক্রমে বার্ষিক সাধারণ সভায় উহা পেশ করিবেন এবং উক্ত সভায় কার্যকরী পরিষদের অনুমোদিত অডিট রিপোর্ট পেশ করিবেন।

ঙ) তিনি প্রতিষ্ঠানের যাবতীয় কার্যের তত্ত্বাবধান করিবেন।

চ) তিনি প্রতিষ্ঠানের প্রতিনিধি মুখপাত্র এবং নির্বাহী প্রধান-পরিচালক হিসাবে দায়িত্ব পালন করিবেন।

ছ) প্রতিষ্ঠানের যাবতীয় আয়-ব্যয়ের খতিয়ান ও জমা খরচ বহিতে তিনি স্বাক্ষর করিবেন।

জ) সহ-সম্পাদক, সম্পাদকের অনুপস্থিতিতে তাহার যাবতীয় চলতি দায়িত্ব পালন করিবেন।

মোঃ ইকবাল হোছাইন
২৪/৫/২০২৪

সাধারণ সম্পাদক

আহমদ ছগির

ছুফি আহমদ ছগির নোমান
সভাপতি

কোষাধ্যক্ষ এর দায়িত্ব ও কর্তব্য ঃ

ক) কোষাধ্যক্ষ অত্র প্রতিষ্ঠানের যাবতীয় তহবিলের হিসাব নিকাশ সংরক্ষণ করিবেন।

খ) তিনি বার্ষিক আয় ব্যয়ের হিসাব নিকাশের জন্য দায়ী থাকিবেন।

গ) তিনি সম্পাদক কে হিসাব দেখাইতে বাধ্য থাকিবেন।

৫। দরিদ্র/অসহায়/ছিন্নমূল/বিকলাঙ্গ/প্রতিবন্ধি/বৃদ্ধ/নির্যাতিত মহিলাদের ভিক্ষাবৃত্তি দূর করা সহ পুনর্বাসন করা।

নিম্নবৃত্ত শ্রেণীর মানুষের স্বাস্থ্য সেবা প্রদান করা।

ক) পুষ্টি প্রকল্পের আওতায় গ্রামীণ স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।

খ) "ছোট পরিবার সুখি পরিবার" এ বিষয়ে জ্ঞান দান ও সচেতন করে গড়ে তোলা।

গ) মাদকবিরোধী আন্দোলনের মাধ্যমে যুব সমাজকে মাদকাশক্তি হইতে বিরত থাকার জন্য সেমিনার ও আলোচনা করা।

ঘ) স্যানিটেশন ব্যবস্থা সম্পর্কে জনগণকে সচেতন করা এবং সহযোগিতা করা।

ঙ) বৃক্ষ রোপন ও বনায়ন কর্মসূচী গ্রহণ করে সামাজিক ও বায়ু মন্ডলের তাপমাত্রার ভারসাম্য রক্ষায় সহযোগিতা করা।

চ) পরিষ্কার, পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং উদ্বুদ্ধ করা।

ছ) সততা ও স্বচ্ছতার মাধ্যমে জীবন যাপন সম্পর্কে পরামর্শ দান এবং ফলাফলে আত্মতৃপ্তি সম্পর্কে সচেতনতা গড়ে তোলা।

জ) বিশুদ্ধ পানীয় পানের ব্যবস্থা করা।

ঝ) ছিন্নমূল, অসহায় ও বৃদ্ধদের আশ্রম গড়ে তোলা।

ঞ) নির্যাতিত মানুষের পাশে দাড়ান ও তাদের আইনী সহায়তা প্রদান করা।

ধারা ঃ ০৬

প্রতিষ্ঠানের সদস্যপদ ঃ-

ক) প্রতিষ্ঠানের কর্মসূচী ও ঘোষিত নীতিমালা বিশ্বাসী যেকোন নারী পুরুষ ১৫ বৎসরের উর্ধ্বে বয়স সাপেক্ষে প্রতিষ্ঠানের সদস্যপদের জন্য আবেদন করিতে পারিবেন বা সদস্য হইতে পারিবেন।

খ) কোন আবেদনকারীকে সদস্য/সদস্য হিসাবে গ্রহণ করা কিংবা তাহাকে সদস্যপদ প্রদান করা হইবে কিনা সে বিষয়ে কার্য্যকরী কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

গ) প্রতিষ্ঠানের নির্ধারিত আবেদনপত্রে আবেদন করিতে হইবে এবং তাহা কার্যকরী পরিষদ কর্তৃক হইলে প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ভর্তি ফি ও তৎসংগে একমাসের চাঁদা দিয়া সদস্য পদ গ্রহন করিতে হইবে।

ঘ) সদস্যদের শ্রেণি বিভাগঃ (১) সাধারণ সদস্য (২) কার্যকরী সদস্য। (৩) প্রতিষ্ঠাতা সদস্য (৪) দাতা সদস্য (৫) আজীবন সদস্য

নিম্নলিখিত ভাবে ৫ (পাঁচ) শ্রেণীর সদস্যদের পরিচিতি হইবে।

(১) সাধারণ সদস্যঃ যে সদস্য এই প্রতিষ্ঠানের প্রাথমিক সদস্যপদ লাভ করিবেন তিনিই অত্র সংস্থার সাধারণ সদস্য হিসাবে বিবেচিত হইবেন। এই সদস্যই প্রতিষ্ঠানের মুল শক্তি হিসাবে পরিগণিত হইবে।

মোঃ ইকবাল হোছাইন
সাধারণ সম্পাদক
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
সদস্য, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম

আহমদ ছগির
ছুফি আহমদ ছগির নোমান
সভাপতি
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
সদস্য, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম



CamScanner

(২) কার্যকরী সদস্যঃ যাহারা সাধারণ সদস্যদের সর্ব সম্মতিক্রমে অথবা ভোটের মাধ্যমে প্রতি ৩ (তিন) বৎসর অন্তর প্রতিষ্ঠানের কার্য পরিচালনার জন্য নির্বাচিত হইবেন তাহারই কার্যকরী সদস্য হিসাবে পরিচিতি লাভ করিবেন।

(৩) প্রতিষ্ঠাতা সদস্যঃ যাহার প্রাথমিক পর্যায়ে এই প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা করিবার জন্য আত্মনিয়োগ করিয়াছেন তাহারাই প্রতিষ্ঠাতা বলিয়া পরিচিতি লাভ করিবেন।

(৪) দাতা সদস্য: যিনি বা যাহারা অত্র প্রতিষ্ঠানের নির্দিষ্ট অংকের অর্থ প্রতি বৎসরই অত্র পাঠাঘরকে দান করিবেন অথবা সমপরিমাণ অর্থের সম্পদ দান করিবেন তিনিই দাতা সদস্য হইবেন।

(৫) আজীবন সদস্যঃ অত্র প্রতিষ্ঠানকে যিনি এককালীন ২০,০০০/- (বিশ) হাজার টাকা প্রদান করিয়া সদস্য পদ লাভ করিবেন তিনিই আজীবন সদস্য বলিয়া বিবেচিত হইবেন।

ঙ) সদস্য ভর্তির নিয়মাবলীঃ প্রতিষ্ঠানের সদস্যপদ পাওয়ার জন্য প্রাথমিকভাবে অত্র প্রতিষ্ঠানের সভাপতি/সম্পাদক এর নিকট আবেদন করিতে হইবে এবং তাহা কার্যকরী পরিষদ কর্তৃক অনুমোদিত হইলে প্রত্যেক সদস্যকে নাম অন্তর্ভুক্তি ফি হিসাব ভর্তি ফি-১০০/- টাকা এবং মাসিক চাঁদা-৫০/- টাকা প্রদান করিতে হইবে।

চ) বিভিন্ন পরিষদের সদস্য ও পদের দায়িত্ব, কর্তব্য, অধিকার ও সুবিধা ঃ বিভিন্ন পরিষদের গঠন, পদের দায়িত্ব, কর্তব্য, সুবিধা পৃথক পৃথক ভাবে থাকিবে এবং এই গুলি বিস্তারিত অত্র গঠনতন্ত্রের ৯ (ক) ও (খ) ধারায় বর্ণিত হইল।

ধারা ঃ ৭

সদস্যপদ, সাময়িকভাবে স্থগিত ও বাতিল করা ঃ-

নিম্নলিখিত কারণে সদস্যপদ সাময়িকভাবে স্থগিত অথবা বাতিল করা যাইতে পারে ঃ

ক) সদস্যপদ প্রাপ্তির পর ৩ (তিন) মাস চাঁদা সন্তোষজনক কারণ ছাড়া পরিশোধ না করিলে।

খ) সন্তোষনক কারণ ছাড়া পরপর তিনটি সভায় অনুপস্থিত থাকিলে।

গ) কোন সদস্য বা অত্র প্রতিষ্ঠানের গঠনতন্ত্র বিরোধী অথবা প্রতিষ্ঠানের পরিপন্থী অথবা প্রতিষ্ঠানের জন্য ক্ষতিকর কোন কার্য্যে লিপ্ত থাকিলে বা করিলে তাহার সদস্যপদ বাতিল অথবা তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ সুনির্দিষ্ট ভাবে প্রমাণিত না হওয়া পর্যন্ত সদস্য পদ সাময়িকভাবে স্থগিত করা যাইতে পারে।

ঘ) কোন সদস্য/সদস্যর জীবনাসান ঘটিলে অথবা মস্তিস্ক বিকৃতি হইলে মাদকাসক্ত হইলে বা বাংলাদেশের যেকোন ফৌজদারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইলে তাহার সদস্যপদ বাতিল হইবে।

ঙ) সাময়িকভাবে বরখাস্তকৃত অথবা বাতিলকৃত কোন সদস্যপদ পুনঃ নির্ভর করিবে তাহার লিখিত অনুশোচনামূলক আবেদনের উপর এবং তাহা অবশ্যই কার্যকরী পরিষদ কর্তৃক অনুমোদিত হইবে। তবে শর্তে তাকে যে সুনির্দিষ্ট অভিযোগের প্রমান সাপেক্ষে যাহার সদস্যপদ বাতিল হইবে অথবা যে সদস্য বহিস্কৃত হইয়াছে তাহার সদস্যপদ প্রাপ্তির কোন প্রকার সুযোগ থাকিবে না।

চ) কোন সদস্য/সদস্যা অত্র প্রতিষ্ঠানের চাকুরী গ্রহন করিবে তাহার সদস্যপদ বাতিল হইয়া যাইবে।

মোঃ ইকবাল হোছাইন

সাধারণ সম্পাদক
ছুফি ইসহাক মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
গুড়ামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম



আহমদ ছগির

ছুফি আহমদ ছগির নোমান
সভাপতি
ছুফি ইসহাক মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
গুড়ামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম

CamScanner

...নের শাখা সমূহ ঃ-

(ক) অত্র প্রতিষ্ঠানের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করিবার জন্য সমগ্র চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলা চাম্বল ও শীলকূপ ইউনিয়নের যেকোন এলাকায় এই প্রতিষ্ঠানের শাখা কার্যালয় খোলা হইবে। শাখা কার্যালয়, কার্যালয় ও প্রকল্প কার্যক্রম পরিচালনার জন্য নিয়মিত কর্মী/কর্মকর্তা/ নিয়োগ করিতে পারিবে। প্রকল্পে বর্ণিত চাকুরী কাঠামো অনুযায়ী কর্মীদের পদবী, বেতনক্রম ও যাবতীয় সুবিধাদি প্রদান করা হইবে।

(খ) যে এলাকায় প্রকল্প কার্যক্রম খোলা হইবে সেই এলাকায় প্রকল্প সমূহের সুষ্ঠ বাস্তবায়নের পরই যে এলাকায় নতুন প্রকল্প গ্রহণ করা যাইতে পারে অথবা প্রকল্প কার্যালয় উঠাইয়া অন্যত্র, কেন্দ্রীয় অফিসের পরামর্শক্রমে নতুন প্রকল্প কার্যালয় খোলা যাইতে পারে। যদি কোন কারণ বশতঃ প্রকল্প তহবিল বন্ধ হয়ে যায়, তাহা হইলে কার্যক্রম বাতিল অথবা স্থগিত করা যাইতে পারে।

(গ) তবে যদি কোন কারণে এলাকায় প্রকল্প কার্যক্রম পরিচালনা করা প্রতিষ্ঠানের জন্য প্রতিকূল অথবা অসুবিধাজনক বলিয়া বিবেচিত হয়। সেই ক্ষেত্রে ও কার্যক্রম স্থগিত করণ অথবা বাতিল করা অথবা বন্ধ ঘোষণা করা যাইতে পারে।

(ঘ) অত্র প্রতিষ্ঠানের প্রকল্প/শাখা কার্যালয় সমূহ সম্পূর্ণ কেন্দ্রীয় কার্যালয়ের নির্দেশ অনুযায়ী কাজ করিবে ও ইহার নিয়ন্ত্রণে থাকিবে।

ধারা ঃ-০৯

<u>সাংগঠনিক কাঠামো ঃ- সাধারণ পরিষদ ও কার্যকরী পরিষদের গঠন ক্ষমতা</u>

সাধারণ পরিষদ

১। প্রতিষ্ঠানের ৫ (পাঁচ) জন উপকৃত সদস্যসহ মোট ৩৪ (চৌত্রিশ) জন প্রাথমিক সদস্য লইয়া সাধারণ পরিষদ গঠিত হইবে। তবে প্রয়োজনে কার্যকরী পরিষদের অনুমতি ক্রমে এই সংখ্যা হ্রাস অথবা বৃদ্ধি করা যাইতে পারে।

২। সাধারণ পরিষদ অত্র প্রতিষ্ঠানের সর্বময় ক্ষমতার উৎস।

৩। সাধারণ পরিষদ প্রতিষ্ঠানের গঠনতন্ত্র সংশোধনী অনুমোদন করিবে।

৪। প্রতি তিন বৎসর অন্তর এই পরিষদের সদস্যগন গঠনতন্ত্র অনুযায়ী বার্ষিক সাধারণ সভার কার্যকরী পরিষদের সদস্যদের নির্বাচিত করিবেন।

৫। অত্র পরিষদের তলবী সভা আহবান ক্ষমতা থাকিবে।

৬। প্রতিষ্ঠানের প্রকল্প সমূহের কার্যক্রম প্রতিষ্ঠানের লক্ষ্যও উদ্দেশ্যর সহিত সংগতিপূর্ণ কিনা তাহা বার্ষিক সভায় এই পরিষদ মূল্যায়ন করিবে।

৭। যদি কোন প্রকল্পের কার্যক্রম প্রতিষ্ঠানের নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্যের বর্হিভুত/পরিপন্থী বলিয়া বিচেচিত হয় তবে অনতিবিলম্বে সেই প্রকল্পের কার্য্যক্রম বন্ধ করিবার জন্য এই পরিষদ কার্যকরী পরিষদকে আহবান করিবেন।

কার্যকরী পরিষদ

সাধারণ পরিষদ কর্তৃক প্রতি তিন বৎসর অন্তর অত্র প্রতিষ্ঠানের কার্য্য পরিচালনার জন্য কার্যকরি পরিষদের সদস্য/সদস্যা নির্বাচিত হইবেন। এই পরিষদের সংখ্যা, গঠন পদবী ও সদস্যদের দায়িত্ব (খ) ধারায় পর্যায়ক্রমে বর্ণিত হইল।

মোঃ ইকবাল হোছাইন
সাধারণ সম্পাদক
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম।



আহমদ ছগির
ছুফি আহমদ ছগির নোমান
সভাপতি
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম

CamScanner

তিনি প্রতিষ্ঠানের আয় ব্যয়ের বার্ষিক হিসাব তৈরী করিয়া কার্যকরী পরিষদের অনুমোদনক্রমে বার্ষিক সাধারণ সভায় পেশ করিবেন।

সমাজ সেবা ও সাংস্কৃতিক সম্পাদকের দায়িত্ব ঃ

সকল সদস্যদের ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে চিত্ত বিনোদনের ব্যবস্থা করিবেন। তিনি বিভিন্ন বিতর্ক অনুষ্ঠান ও আলোচনা সভার ব্যবস্থা করিবেন। স্বাধীনতা দিবস উপলক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। তিনি বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করিবেন এবং খেলাধুলার ও সাংস্কৃতিক সরঞ্জমাদি তিনি রক্ষনাবেক্ষন করিবেন। নৈশ বিদ্যালয় এবং পাঠাগার স্থাপনের যাবতীয় দায়িত্ব সমাজ কল্যাণ ও সাংস্কৃতিক সম্পাদকের উপর তিনি সকল সমাজ কল্যাণমুলক কাজের দায়িত্ব পালন করিবেন এবং সমাজের সেবা বিভাগের সাথে সর্বদা যোগাযোগ রাখিবেন এবং সম্পাদকের সাথে সমাজ সেবা বিভাগ কর্তৃক যাবতীয় নির্দেশাবলী সম্পর্কে আলাপ আলোচনা করিবেন। নিরক্ষতা দরীকরনের জন্য বিভিন্ন কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করিয়া জনগণের সার্বিক সুযোগ সুবিধার প্রতি লক্ষ্য রাখিবেন। যাবতীয় সমাজ কল্যাণ মূলক কাজের জন্য তাহাকেই অগ্রণী ভুমিকা পালন করিতে হইবে।

৬। কার্যকরী কমিটির ২ জন নির্বাহী সদস্য এর দায়িত্ব ঃ

২ (দুই) জন সদস্য যেকোন জটিল সমস্যার ব্যাপারে এই সদস্য তাদের নিজস্ব মতামত পেশ করিতে পারিবে এবং প্রতিষ্ঠানের পরিপন্থী যে কোন কাজের ব্যাপারে এই সদস্যগণ সে কাজে ভেটো শক্তি প্রয়োগ করিতে পারিবে এবং এই শ্রেণীর সদস্যগণ সর্বদাই কার্যকরী কমিটির সহযোগীতা প্রদান করিতে বাধ্য।

ধারা ঃ ১০

নির্বাচন ও নির্বাচন পদ্ধতি ঃ-

নিম্নলিখিত ভাবে নির্বাচন কমিশন গঠিত ও নির্বাচন পরিচালিত হইবে।

(ক) সাধারণ সদস্যদের প্রস্তাব সমর্থন অথবা কণ্ঠ ভোটের মাধ্যমে কার্যকরী কমিটি গঠন করা যাইবে।

(খ) কোন নির্বাচন অনুষ্ঠিত হইবার অন্ততঃ ১৫ দিন পূর্বে পরিষদের প্রবীন সদস্যদের মধ্য হইতে একজনকে চেয়ারম্যান ও দুইজন সদস্য সমন্বয়ে ৩ সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠিত হইবে।

(গ) নির্বাচন কমিশন প্রতিষ্ঠানের বাৎসরিক সাধারণ সভার পূর্বে কার্যকরী পরিষদের সকল পদের জন্য মনোনয়ন পত্র আহবান করিবেন। মনোনয়ন পত্র নির্বাচন কমিশনের নির্ধারিত ফরম এবং ফি (যাহা নির্বাচনের পূর্বে নির্ধারন করিবেন) প্রদানে নির্ধারিত তারিখে দাখিল করিতে হইবে।

(ঘ) মনোনয়ন পত্র প্রাপ্তির পর দিন নির্বাচন কমিশন প্রার্থীগণের তালিকা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রকাশ করিবেন এবং একই সংঙ্গে মনোনয়ন পত্র বাছাই করিবার তারিখ এবং সময় ঘোষনাও করিবেন।

(ঙ) মনোনয়ন পত্র বাচাইঅন্তে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ হইতে প্রার্থীদের পদ প্রত্যাহারের জন্য ২ দিন সময় প্রদান করিবেন।

(চ) নির্বাচন কমিশনের সদস্যরা ভোট প্রদান করিতে পারিবেন কিন্তু প্রার্থী হইতে পারিবেন না।

(ছ) প্রতি ৩ বৎসর অন্তর অথবা সময় শেষ হইবার ৩ মাসের মধ্যে বাৎসরিক সাধারণ সভায় প্রস্তাব, সমর্থন অথবা কণ্ঠ ভোটে অথবা গোপন ব্যালটের মাধ্যমে সাধারণ পরিষদ কর্তৃক পরিষদের সদস্য নির্বাচিত হইবেন।

মোঃ ইকবাল হোছাইন

সাধারণ সম্পাদক
ছুফি ইনসাফ মিয়া (রহঃ) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম।



ছুফি আহমদ ছগির নোমান
সভাপতি
ছুফি ইনসাফ মিয়া (রহঃ) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম

CamScanner

...চন কমিশন যেকোন ব্যালেট গ্রহণ ও বাতিল করিবার ক্ষমতা রাখেন এবং এই মর্মে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

কার্যকরি পরিষদের যে পদ পাইতে ইচ্ছুক সে পদের নাম উল্লেখ পূর্বক পদ-প্রার্থীর নাম, প্রস্তাবকারীর নাম ও সমর্থনকারীর নাম স্বাক্ষরযুক্ত আবেদনপত্র নির্বাচন কমিশনের নিকট জমা দিতে হইবে।

(ঞ) কোন পদ একাধিক প্রার্থী না থাকিলে কোন একক প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনা করিবার ক্ষমতা নির্বাচন কমিশন রাখেন।

(ট) নির্বাচনের ব্যাপারে কমিশনের যেকোন সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

ধারা ঃ ১১

প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কার্যক্রম ও প্রকল্প কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিধি ঃ-

প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার জন্য দেশী বিদেশী দাতা সংস্থা সমূহ সরকারী/বেসরকারী বা কোন সহৃদয় ব্যক্তির নিকট হইতে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের শর্ত সাপেক্ষে দান/অনুদান/ঋণ অথবা আর্থিক সাহায্য সহযোগিতা লইয়া পরিকল্পিত কার্যক্রম পরিচালনা করা যাইবে। প্রকল্পটি কোন গুরুত্বপূর্ণ ব্যক্তি প্রস্তুত করিয়া প্রতিষ্ঠানের নির্বাহী কমিটির (কার্যকরী কমিটি) সভায় অনুমোদন করাইয়া দাতা প্রতিষ্ঠানের সমূহের কাছে প্রেরণ করিবেন। প্রতিষ্ঠানের পরিচালক নির্বাহী কমিটি কর্তৃক নির্বাচিত হইবেন। অন্যকোন বিভাগীয় প্রধান ও অন্যান্য পদগুলি নির্বাহী কমিটি ও নিয়োগ সিদ্ধান্ত মোতবেক নিয়োগ করা হইবে। প্রকাশ থাকে যে, নিয়োগ কমিটিতে কার্যনির্বাহী কমিটির সদস্যগণ ও সংশ্লিষ্ট সমাজ সেবা কর্মকর্তাকে অবশ্যই রাখিতে হইবে অথবা কার্যকরী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ব্যক্তিদের রাখিতে হইবে। উল্লেখ থাকে যে, বিভিন্ন পদের জন্য দরখাস্ত আহবান করিতে হইবে এবং ইহার মধ্যে হইতে বাছাই ও পরীক্ষার মাধ্যমে যোগ্য ব্যক্তিদের নিয়োগ করিতে হইবে।

ধারা ঃ ১২

সভার নিয়ামবলী ঃ-

(ক) বিভিন্ন সভা আহবানের নিয়মাবলী ঃ

সাধারণ সভা ঃ সাধারণ সদস্যদের বার্ষিক সাধারণ সভা প্রতি অর্থ বছর শেষ হইবার তিন মাস সময়ের মধ্যে অনুষ্ঠিত হইতে হইবে।

জরুরী সভা ঃ কার্যকরী পরিষদের সভাপতি জরুরী প্রয়োজনে এই সভা আহবান করিবেন।

কার্যকরী পরিষদের সভা ঃ কার্যকরী পরিষদের সভাপতির অনুমতিক্রমে সম্পাদক এই সভা আহবান করিবেন এবং বছরে কমপক্ষে ৬টি সভা অনুষ্ঠিত হইবে।

অতি জরুরী সভা ঃ অতি জরুরী প্রয়োজনে কার্যকরী পরিষদের সভাপতির অনুমতিক্রমে সম্পাদক এই সভা আহবান করিতে পারিবেন।

(খ) বিভিন্ন সভার নোটিশের সময় ঃ

সাধারণ পরিষদের সভার নোটিশের সময় ঃ কার্যকরী পরিষদের সম্পাদক, সভাপতির সংঙ্গে আলোচনা করিয়া ১৫ দিন পূর্বে এই সভার সময় ও কর্মসূচী নোটিশের মাধ্যমে প্রত্যেক সাধারণ সদস্যদের ঠিকানায় রেজিষ্ট্রিকৃত পত্র অথবা পিয়ন/বাহকের মাধ্যমে পৌছানোর ব্যবস্থা করিবেন।

জরুরী সভার নোটিশের সময় ঃ ৩ (তিন) দিনের নোটিশে এই সভা আহবান করিতে হইবে।

মোঃ ইকবাল হোছাইন
সাধারণ সম্পাদক
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম।



আহমদ ছগির
ছুফি আহমদ ছগির নোমান
সভাপতি
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম

CS CamScanner

কার্যকরী পরিষদের সভার নোটিশের সময় ঃ- ৭ (সাত) দিনের নোটিশে, স্থান, তারিখ, সময় ও তারিখ অন্যান্য আলোচ্যসূচী উল্লেখ্যপূর্বক নোটিশ বহির মাধ্যমে প্রত্যেক সদস্যদের নিকট পৌছাইতে হইবে।

অতি জরুরী সভা ঃ- ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে মাধ্যমে এই সভা আহবান করিতে হইবে।

(গ) বিভিন্ন সভার কোরাম

বার্ষিক সভায় ২/৩ অংশ, কার্যকরী পরিষদের ২/৩ অংশ বা তাহার অধিক এবং জরুরী ও অতি জরুরী সভার অন্য যথাক্রমে ২/৩ অংশ ও ২/৩ অংশ সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে। তবে শর্ত থাকে যে, কোরাম পূর্ণ না হওয়ার কারনে যে সভা মূলতবী হইবে, উহার পরবর্তী সভার জন্য কোরামের প্রয়োজন হইবে না।

ধারা ঃ ১৩

আর্থিক ব্যবস্থাপনা ঃ-

(ক) প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনের ক্ষেত্রে সদস্য/সদস্যাদের নিকট হইতে আদায়কৃত এবং দাতা সংস্থা সমূহ হইতে আদায়কৃত অর্থের জন্য প্রতিষ্ঠানের এলাকাস্থ বাংলাদেশের যে কোন সিডিউল্ড ব্যাংকে এক বা একাধিক চলতি হিসাব/সঞ্চয়ি/এসিটিডি হিসাব থাকিতে হইবে।

(খ) চলতি হিসাব বা সঞ্চয়ী বা এসটিডি হিসাবগুলি প্রতিষ্ঠানের সহ-সভাপতি ও সম্পাদক এই ২ (দুই) জনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে। এই মর্মে ব্যাংকে হিসাব খুলিবার দিনেই গঠনতন্ত্রের এই ধারা উল্লেখ করিয়া কার্যকরী পরিষদের প্রস্তাবাবলী ব্যাংকে পাঠাইতে হইবে। উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের কার্যক্রম বৃদ্ধি পাইলে প্রকল্প বাস্তবায়নের সুবিধার জন্য প্রকল্প এলাকার যেকোন সিডিউল ব্যাংকে চলতি/সঞ্চয়ী/এসটিভি হিসাব খোলা যাইবেব। এখানে উল্লেখ থাকে যে, দাতা সংস্থার শর্ত মোতাবেক যেকোন ব্যাংকে হিসাব খোলা যাইবে।

(গ) প্রতিষ্ঠানের নামে কোন অর্থ প্রাপ্তির সংগে সংগে উহা ব্যাংকের হিসাবে জমা করিতে হইবে প্রকল্পে অনুমোদিত নিয়ম মত ব্যয়ের খাতের প্রয়োজনীয় অর্থ ব্যাংক হিসাব হইতে তুলিয়া ব্যয় করা যাইবে এবং প্রত্যেকটি খরচের ভাউচার/মেমো ও ব্যয়ের আনুসাঙ্গিক কাগজপত্র থাকিতে হইবে।

(ঘ) প্রতিষ্ঠানের প্রয়োজনে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অধিক অর্থ খরচের পূর্বে উত্তোলনের জন্য কার্যকরী পরিষদের অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং খরচের পর পরই খরচের অর্থ কার্যকরী পরিষদের সভায় অনুমোদন নিতে হইবে এবং বাৎসরিক সাধারণ সভায় সকল খরচের অনুমোদন এবং বাজেট পাশ করাইতে হইবে।

(ঙ) প্রতিষ্ঠানের আর্থিক হিসাব প্রতি বৎসর শেষে নিবন্ধন কর্তৃপক্ষ অথবা অডিট ফার্ম কর্তৃক অডিট করাইতে হইবে এবং কার্যকরী পরিষদ ও সাধারণ পরিষদ কর্তৃক বার্ষিক সাধারণ সভায় উহার অনুমোদন করাইয়া লইতে হইবে।

(চ) অডিট- প্রতিষ্ঠানের আর্থিক হিসাব প্রতি বৎসর আর্থিক শেষ হইবার এক মাসের সরকারী নিবন্ধীকৃত অডিট ফার্ম কর্তৃক নিযুক্ত অথবা নিবন্ধনভুক্ত দপ্তরের কর্মকর্তা দ্বারা অডিট করাইতে হইবে এবং কার্যকরী পরিষদ ও সাধারণ কর্তৃক বার্ষিক সাধারণ সভায় উহার অনুমোদন করাইয়া লইতে হইবে।

মোঃ ইকবাল হোছাইন

সাধারণ সম্পাদক
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
বড়মার, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম।

আহমদ ছগির

ছুফি আহমদ ছগির নোমান
সভাপতি
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
বড়মার, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম



CamScanner

তা ঃ-

সভা আহবান করিবার ক্ষমতা একমাত্র সাধারণ পরিষদের থাকিবে। এই সভার নিয়ামবলী নিম্নরূপঃ

(ক) কমপক্ষে ২/৩ অংশ সদস্যদের সহিযুক্ত এবং বিশেষ উদ্দেশ্য ও অভিযোগ সম্মলিত তলবীপত্র এক মাসের নোটিশে কার্যকরী পরিষদের সম্পাদকের নিকট পেশ করিতে হইবে। যদি কার্যকরী পরিষদের সম্পাদক উক্ত নির্দিষ্ট তারিখের মধ্যে সাধারণ সভা আহবান না করেন তবে পরবর্তী ৭ দিনের মধ্যে সদস্যগণ নিজ ক্ষমতায় উক্ত তলবী সভা আহবান করিতে পারিবেন এবং ঐ সভা সম্পূর্ণ বৈধ বলিয়া গণ্য হইবে।

(খ) তলবী সভার আলোচ্য বিষয় ছাড়া অন্যকোন বিষয় উক্ত সভায় আলোচা করা যাইবে না। তলবী সভায় বিজ্ঞপ্তি সকল সদস্যদের অবগতির জন্য প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে টানাইয়া দিতে হইবে এবং প্রত্যেক সদস্যকে লিখিত নোটিশের মাধ্যমে জানাইয়া দিতে হইবে।

ধারা ঃ ১৫

গঠনতন্ত্র সংশোধন পদ্ধতি ঃ-

অত্র গঠনতন্ত্র সংশোধন তথ্য যেকোন ধারা পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বাতিল অথবা নতুন গঠনতন্ত্র প্রণয়ন ও অনুমোদনের জন্য সাধারণ পরিষদের ২/৩ অংশ সদস্যদের অনুমোদন লাগিবে এবং তাহার চুড়ান্ত অনুমোদন ও কার্য্যকর করিবার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যে অধিদপ্তরের নিকট অত্র প্রতিষ্ঠানের বা সংগঠন নিবন্ধিত হইয়াছে সেই অধিদপ্তরের নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে। নিবন্ধকরণ কর্তৃপক্ষ অনুমোদিত হইলে তবে উহা কার্যকরী বলিয়া বিবেচিত হইবে।

ধারা ঃ ১৬

কার্যক্রম পরিচালনা ঃ-

অত্র সংবিধানের যাহা উল্লেখ থাকুক না কেন উক্ত প্রতিষ্ঠানটি ১৯৬১ সনের ৪৬নং অধ্যাদেশের আওতায় এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা হবে। অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যকরী হবে। প্রতিটি প্রকল্পের জন্য পৃথক নীতিমালা পরিচালিত অনুযায়ী হবে। তবে অত্র গঠনতন্ত্রের নিয়মনীতির আলোকে প্রণীত হবে।

ধারা ঃ ১৭

প্রতিষ্ঠানের বিলুপ্তি ঃ

যদি কোন সংগত কারণবশতঃ অত্র প্রতিষ্ঠানের বিলুপ্তির প্রয়োজনীয়তা দেখা দেয় তাহলে অত্র প্রতিষ্ঠানের ৩/৫ অংশ সদস্য যদি কোন সুনির্দিষ্ট কারণে ইহার বিলুপ্তি চান তবে প্রতিষ্ঠানের স্থাবর, অস্থাবর যাবতীয় সম্পত্তি হইতে বিভিন্ন ঋণ ও সকল দেনা পরিশোধের পর কোন অতিরিক্ত তহবিল অথবা স্থাবর ও অস্থাবর সম্পত্তি থাকিলে কার্যকরী পরিষদের নিবন্ধকরণ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উক্ত সম্পত্তি অন্য কোন প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিতে পারিবেন অথবা প্রতিষ্ঠানের সমুদয় স্থাবর ও অস্থাবর সম্পত্তি নিবন্ধন কর্তৃপক্ষের বরাবরে ন্যস্ত হইবে। উক্ত গঠনতন্ত্র সর্বসম্মতিক্রমে ২৫ জানুয়ারী ১০ই তারিখ সাধারণ সভায় অনুমোদিত ও গৃহীত হয়।

মোঃ ইকবাল হোছাইন

সাধারণ সম্পাদক
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
লতামার, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম



আহমদ ছগির

ছুফি আহমদ ছগির নোমান
সভাপতি
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
লতামার, বড়ঘোনা, বাঁশখালী চট্টগ্রাম

CamScanner

# সুফি ইনসাফ মিয়া (রহঃ) স্মৃতি পাঠাগার

গ্রাম: গন্ডামারা, ডাকঘর: বড়ঘোনা, উপজেলা: বাঁশখালী, জেলা: চট্টগ্রাম।
স্থাপিত: ২০২০ ইং
মোবাইল নং ০১৮২১-৫৯৪৯৫৪

সূত্র ঃ তারিখ ঃ....................

## কার্যকরী পরিষদের সদস্যদের নামের তালিকা

| ক্রঃনং | সদস্যের নাম ও পিতার নাম | পদবী | ঠিকানা | পেশা | বয়স | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ছুফি আহমদ ছগির নোমান, পিতা-ছুফি ইনছাফ মিয়া | সভাপতি | গ্রাম: গন্ডামারা, (খামারু পাড়া), ডাকঘর: বড়ঘোনা, উপজেলা: বাঁশখালী, জেলা: চট্টগ্রাম। | চাকুরি | ৩৭ | আহমদ ছগির |
| ০২. | আহমদ রশিদ, পিতা-ইনছাফ মিয়া ছুফি | সহ-সভাপতি | গ্রাম: গন্ডামারা, (খামারু পাড়া), ডাকঘর: বড়ঘোনা, উপজেলা: বাঁশখালী, জেলা: চট্টগ্রাম। | ব্যবসা | ৪৫ | আহমদ রশিদ |
| ০৩. | মোঃ ইকবাল হোছাইন, পিতা-ছিদ্দিক আহমদ | সাধারণ সম্পাদক | গ্রাম: গন্ডামারা, (খামারু পাড়া), ডাকঘর: বড়ঘোনা, উপজেলা: বাঁশখালী, জেলা: চট্টগ্রাম। | ব্যবসা | ২৬ | মো: ইকবাল |
| ০৪. | আবদুল জব্বার, পিতা-মৃত আমিন শরীফ | কোষাধ্যক্ষ | গ্রাম: গন্ডামারা, (খামারু পাড়া), ডাকঘর: বড়ঘোনা, উপজেলা: বাঁশখালী, জেলা: চট্টগ্রাম। | ব্যবসা | ৪৫ | জব্বার |
| ০৫. | জান্নাতুল ফেরদৌস, স্বামী-আহমদ কবির ফারুকী | সমাজ সেবা ও সাংস্কৃতিক সম্পাদক | গ্রাম: গন্ডামারা, (খামারু পাড়া), ডাকঘর: বড়ঘোনা, উপজেলা: বাঁশখালী, জেলা: চট্টগ্রাম। | গৃহিনী | ৫০ | জান্নাতুল |
| ০৬. | জামাল উদ্দীন, পিতা-মৃত হোসেন আলী | নির্বাহী সদস্য | গ্রাম: গন্ডামারা, (খামারু পাড়া), ডাকঘর: বড়ঘোনা, উপজেলা: বাঁশখালী, জেলা: চট্টগ্রাম। | কৃষক | ৫৯ | জামাল |
| ০৭. | ছিদ্দিক আহমদ, পিতা-মৃত আলী আহমদ | নির্বাহী সদস্য | গ্রাম: গন্ডামারা, (খামারু পাড়া), ডাকঘর: বড়ঘোনা, উপজেলা: বাঁশখালী, জেলা: চট্টগ্রাম। | চাকুরি | ৫৪ | ছিদ্দিক |

মোঃ ইকবাল হোছাইন
সাধারণ সম্পাদক
ছুফি ইনসাফ মিয়া (রহ.) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম

আহমদ ছগির
ছুফি আহমদ ছগির নোমান
সভাপতি
সুফি ইনসাফ মিয়া (রহঃ) স্মৃতি পাঠাগার
গন্ডামারা, বড়ঘোনা, বাঁশখালী, চট্টগ্রাম

CamScanner